দৈনিক বাংলা

তারিখ 29 JAN 1995
পৃষ্ঠা ৮ কলাম ৩

15

# রেজিস্টার্ড বেসরকারী প্রাইমারী স্কুল শিক্ষকদের অনুদান বৃদ্ধি

সরকার রেজিষ্টার্ড, বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের অনুদান বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করেছে।

শনিবার খাদ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে খাদ্যমন্ত্রী আবদুল মান্নান ভুঁইয়া এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী তরিকুল ইসলামের সঙ্গে বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির প্রতিনিধিদের এক বৈঠকে এই সিদ্ধান্তের কথা ঘোষণা করা হয়।

প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব, প্রাথমকি শিক্ষা অধিদফতরের মহাপরিচালক, বেসরকারী শিক্ষক সমিতির প্রধান উপদেষ্টা মোঃ হারিছ চৌধুরী, উপদেষ্টা মোঃ লোকমান হোসেন ভুঁইয়া, মহাসচিব আলহাজ্ব আব্বাস আলী শেখ, সাংগঠনিক সম্পাদক শাহজাহান খানসহ অন্যান্য কর্মকর্তা এ সময় উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণীর।

সিদ্ধান্ত অনুযায়ী যে সব বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের রেজিস্ট্রেশনের মেয়াদ পাঁচ বছর ও তার অধিক হয়েছে সে সব বিদ্যালয়ের যে সব শিক্ষক সরকারী অনুদান পেয়ে আসছেন তাদেরকে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রশিক্ষণ বিহীন সহকারী শিক্ষকের বেতন স্কেলের প্রারম্ভিক মূল বেতনের (১০৫০/- টাকা) শতকরা ৭১ ভাগ হারে প্রদান করা হবে।

যে সব বিদ্যালয়ের রেজিস্ট্রেশন দুই বছরের অধিক হয়েছে সে সব স্কুলের অনুদানপ্রাপ্ত শিক্ষকরা একইভাবে ১০৫০/- টাকা প্রারম্ভিক মূল বেতনের শতকরা ৬২ ভাগ এবং যে সব বিদ্যালয়ের রেজিস্ট্রেশনের মেয়াদ দুই বছরের কম সে সব বিদ্যালয়ের অনুদানপ্রাপ্ত শিক্ষকরা উপরোক্ত প্রারম্ভিক মূল বেতনের (১০৫০/-টাকা) শতকরা ৫০ ভাগ হারে অনুদান পাবেন।

উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি তাদের সকল কর্মসূচী প্রত্যাহার করেছে।

বৈঠকে শিক্ষকদের উদ্দেশ্যে বক্তৃতাকালে খাদ্যমন্ত্রী বলেন, বর্তমান সরকার সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও শিক্ষকদের সুযোগ সুবিধা বৃদ্ধি করতে আন্তরিকভাবে চেষ্টা চালিয়ে যাচ্ছেন। তিনি শিক্ষার গুণগত মানোন্নয়নে অধিকতর যত্নবান হওয়ার জন্য শিক্ষকদের প্রতি আহবান জানিয়ে বলেন, প্রতিযোগিতামূলক এই বিশ্বে টিকে থাকতে হলে শিক্ষার কোন বিকল্প নেই।